গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় ব্যবস্থাপনা শাখা-৭
www.mof.gov.bd

**স্মারক নম্বর:** ০৭.০০.০০০০.০০০.১৫৭.১৫.০০০৬.২৫.১০

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত ৮৯ (উননব্বই)টি পদের মেয়াদ সংরক্ষণ সংক্রান্ত।**

সূত্র: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের স্মারক নং- ৪০.০০.০০০০.০২০.১৫.০০১.২৩-২৫৭, তাং ০৬/১০/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত নিম্নবর্ণিত ৮৯ (উননব্বই)টি পদের মেয়াদ ০১/০৬/২০২৫ খ্রি. হতে ৩১/০৫/২০২৬ খ্রি. পর্যন্ত নিয়মিত সংরক্ষণে নিম্নোক্ত শর্তে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|
| ০১. | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ৪২টি |
| ০২. | সহকারী মহাপরিদর্শক (সেফটি) | ০৪টি |
| ০৩. | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ১২টি |
| ০৪. | শ্রম পরিদর্শক (সেফটি) | ২৭টি |
| ০৫. | গাড়ি চালক | ০৪টি |
| | মোট= | ৮৯টি |

<u>শর্তাবলী:</u>

(ক) পদ সংরক্ষণের জি.ও. জারির পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার সদয় অনুমোদন গ্রহণ করতে হবে;

(খ) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৫/২০০৩ তারিখের মপবি/ক:বি:শা/কপগ-১১/২০০১-১১১ নং স্মারকে বর্ণিত নিয়মাবলী অনুসরণ করতে হবে;

(গ) পদ সংরক্ষণের জি.ও. জারি করে জারিকৃত জি.ও.-র ০৪ (চার) কপি অর্থ বিভাগে পৃষ্ঠাংকনের জন্য পাঠাতে হবে;

(ঘ) অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কনকৃত জি.ও.-র ০১ (এক) কপি সংশ্লিষ্ট চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ে প্রেরণ এবং ০১ (এক) কপি সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী অফিসে সংরক্ষণ করতে হবে;

(ঙ) অস্থায়ীভাবে সৃজিত পদ নির্ধারিত সময় অতিক্রান্তে স্থায়ীকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

(চ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আরোপিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

CamScanner

Rumak Kabir.

০৭-০১-২০২৬
র. হ. ম. আলাওল কবির
উপসচিব
২২৩৩৮৫৪৪৫
alaol.kabir@finance.gov.bd

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
উপসচিব, সংস্থাপন-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

CamScanner